আজ   নবীন মেঘের সুর লেগেছে আমার মনে ।
আমার   ভাবনা যত উতল হল অকারণে ॥
কেমন ক'রে যায় যে ডেকে,   বাহির করে ঘরের থেকে,
    ছায়াতে চোখ ফেলে ছেয়ে ক্ষণে ক্ষণে ॥
    বাঁধনহারা জলধারার কলরোলে
    আমারে কোন্ পথের বাণী যায় যে ব'লে ।
সে পথ গেছে নিরুদ্দেশে   মানসলোকে গানের শেষে
    চিরদিনের বিরহিণীর কুঞ্জবনে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Mishra-Malhar
Visit www.geetabitan.com for notation and other detail